দৈনিক জনকণ্ঠ

তারিখ JUN 1 1999
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রলীগের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর কঠোর হুঁশিয়ারি– সন্ত্রাসে জড়িত হলে ক্ষমা করা হবে না

স্টাফ রিপোর্টার ॥ স্বরাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ নাসিম ছাত্রলীগের প্রতি কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, সংগঠনের কোন নেতাকর্মী সন্ত্রাস বা কোন অপরাধের সঙ্গে জড়িত হলে সরকারী দল বলে কাউকে ক্ষমা করা হবে না। জবাবে অবশ্য ছাত্রলীগ নেতারাও মন্ত্রীকে আশ্বাস দিয়েছেন, ছাত্রলীগের কোন নেতাকর্মী অন্যায় কাজের জন্য গ্রেফতার হলে তাঁরা তদ্বির করতে যাবে না। তবে বিরোধী দল কিংবা প্রশাসন থেকে যদি অন্যায়ভাবে ছাত্রলীগের কোন কর্মীর ওপর আঘাত হানা হয় তবে অবশ্যই এর বিচার করতে হবে।

সোমবার সন্ধ্যায় মন্ত্রী ছাত্রলীগের বঙ্গবন্ধু এভিনিউস্থ কেন্দ্রীয় কার্যালয়ে সংগঠনের কেন্দ্রীয় কমিটি, ঢাকা মহানগর কমিটি, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয় কমিটির নেতাদের সঙ্গে মত বিনিময় করছিলেন। ছাত্রলীগের সভাপতি বাহাদুর বেপারী এবং সাধারণ সম্পাদক অজয় কর খোকন এতে বক্তৃতা করেন।

মন্ত্রী তাঁর বক্তৃতায় বলেন, ছাত্রলীগের প্রতি আমার অগাধ ভালবাসা এবং সহানুভূতি রয়েছে। ঐতিহ্যবাহী এই সংগঠনটির নেতাকর্মীরা বিগত সরকারের ছাত্র সংগঠনের মতো সন্ত্রাস, নৈরাজ্য এবং চাঁদাবাজির সঙ্গে জড়িত নয় বলে আমি বিশ্বাস করি। কিন্তু কেউ যদি কোন অপরাধের সঙ্গে জড়িত হয়ে পড়ে তবে ছাত্রলীগ বলে তাকে ক্ষমা করতে পারব না। আমাদের সরকারের নীতিই হচ্ছে সন্ত্রাস মোকাবিলা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি সন্ত্রাসমুক্ত বাংলাদেশ গড়ার জন্য অঙ্গীকারাবদ্ধ। এ জন্যই তিনি আমাকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব দিয়েছেন। সন্ত্রাসী যেই হোক তার ক্ষমা নেই। আমরা আমাদের দলীয় এমপিকেও ক্ষমা করিনি। মন্ত্রী ছাত্রলীগ নেতাদের প্রতি ইতিবাচক রাজনীতি করার আহ্বান জানিয়ে বলেন, রাজনীতি যেন না হয় মধুর ক্যান্টিনমুখী। জাতিকে শিক্ষিত এবং সচেতন করার জন্য ছাত্রলীগকে দায়িত্ব পালন করতে হবে।

ছাত্রনেতারা মন্ত্রীকে বলেন, ছাত্রলীগের নেতাকর্মীরা কেউ সন্ত্রাস, চাঁদাবাজি, নৈরাজ্য সৃষ্টি ইত্যাদি কাজের সঙ্গে জড়িত নয়। যদি কেউ অপরাধ করে তবে তার বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নিতে হবে। তবে আমাদের ওপর নির্যাতনের ব্যাপারেও সরকারের দৃষ্টি রাখতে হবে। প্রসঙ্গক্রমে তাঁরা চট্টগ্রামে ছাত্রলীগের নেতাকে হত্যা এবং কক্সবাজারের ঘটনা উল্লেখ করেন।